দৈনিক সংবাদ
তারিখ ...06 AUG 1989
পৃষ্ঠা... 1 কলাম...

ডকুমেন্টেশন কেন্দ্র

# ছাত্র সংঘর্ষ ।। কুমিল্লায় দু'টি কলেজ বন্ধ ঘোষণা

কুমিল্লা, ৫ই আগষ্ট (নিজস্ব সংবাদদাতার ফোন)।—পরস্পর-বিরোধী দুটি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের প্রেক্ষিতে কুমিল্লা জেলার দুটি কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। এছাড়া কুমিল্লা শহরে অবস্থিত ভিক্টোরিয়া সরকারী কলেজের আবাসিক ছাত্রদের কর্তৃপক্ষ আগামীকাল রোববার সকাল ৮টার মধ্যে ছাত্রাবাস ত্যাগের নির্দেশ দিয়েছেন। ছাত্র সংঘর্ষে ৪ জন আহত হয়েছে।

গতকাল শুক্রবার রাতে কুমিল্লার সরকারী ভিক্টোরিয়া কলেজের নজরুল ইসলাম ছাত্রাবাসের ডাইনিং হলে জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মী ও ইসলামী ছাত্রশিবিরের কর্মীদের মধ্যে কথা

(শেষ প: ৪-এর ক: দেখুন)

## দুটি কলেজ বন্ধ ঘোষণা

(১ম পাতার পর)

কাটাকাটির এক পর্যায়ে হাতাহাতি হয়। এই ঘটনার জের হিসেবে আজ শনিবার ছাত্রদলের কর্মীরা ছাত্রাবাস থেকে শিবির কর্মীদের বের করে দেয়। এই সময় সংঘর্ষে দু'জন ছাত্র আহত এবং বেশ কয়েকটি কক্ষ ভাঙচুর করা হয়। ছাত্রাবাস প্রাঙ্গণে কড়া পুলিশ প্রহরা মোতায়েন করা হয়েছে।

### বরুড়া কলেজ

বরুড়া উপজেলার সরকারী শহীদ স্মৃতি কলেজে আজ দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষে দু'জন আহত হয়েছে। কর্তৃপক্ষ কলেজটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দিয়েছেন। আহত দু'জন ছাত্র হলেন এবাদুল ইসলাম ও আবদুর রশীদ এদের কুমিল্লা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষ চলাকালে কলেজের বেশকিছু আসবাব ভাঙচুর করা হয়।

### কোম্পানীগঞ্জ কলেজ

মুরাদনগর উপজেলার কোম্পানীগঞ্জ বদিউল আলম কলেজের দুজন ছাত্রকে একটি কথিত ছিনতাই মামলার প্রেক্ষিতে কলেজে ছাত্রদের মধ্যে উত্তেজনা দেখা দিলে কর্তৃপক্ষ পরিস্থিতির আরো অবনতির আশংকায় কলেজটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দিয়েছেন।